

ঢাকা পলিটেকনিকের নতুন অধ্যক্ষ সাহেলা পারভিন

ইলেক্ট্রনিক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৭ এপ্রিল ২০২৫, ০৫:০০



শিক্ষা মন্ত্রণালয়

UNIBOTS

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে ঢাকা পলিটেকনিক ইনসিটিউটের বর্তমান অধ্যক্ষ মোহাম্মদ মোস্তাফিজুর রহমান খানকে সরিয়ে দেওয়া হয়েছে। একইসঙ্গে প্রতিষ্ঠানটিতে নতুন অধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে

সাহেলা পারভীনকে।



দেনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বুধবার (১৬ এপ্রিল) রাতে শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার সিরাজ উদ্দোলা খান এ তথ্য জানিয়েছেন।

এতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের অধীন, ঢাকা পলিটেকনিক ইনসিটিউটে সাহেলা পারভীনকে আধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে। বর্তমান অধ্যক্ষ মোহাম্মদ মোস্তাফিজুর রহমান খানকে কারিগরি শিক্ষা অধিদপ্তরে সংযুক্ত করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনে এ আদেশ প্রদান করা হয়েছে। জনস্বার্থে জারিকৃত এ আদেশ তাৎক্ষণিক কার্যকর হবে।